

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২০/২০১৫

অভিযোগকারী : জনাব সৈয়দ মজিবুর রহমান  
পিতা-সৈয়দ সৈয়দুজ্জামান  
২৩৫, উত্তর শাহজাহানপুর  
ঢাকা-১২১৭।

প্রতিপক্ষ : রওশন আরা জামিল  
প্রধান মনোবিজ্ঞানী  
ও পরিচালক (নন ক্যাডার ও অন্যান্য)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, ঢাকা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৯-০২-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব সৈয়দ মজিবুর রহমান ২৬-০১-২০১৫ তার দাখিলকৃত ১৪৬/২০১৪ নং অভিযোগের বিষয়ে তারিখে রওশন আরা জামিল, প্রধান মনোবিজ্ঞানী ও পরিচালক (নন ক্যাডার ও অন্যান্য) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৪৬/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করা এবং নির্দেশনা ভঙ্গকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আরটিআই আইনে ব্যবস্থা গ্রহণসহ প্রার্থীত তথ্যাদি প্রদানের ব্যবস্থা নেয়ার জন্য তিনি পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৯-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব সৈয়দ মজিবুর রহমান কোন কারণ ব্যতিরেকে গরহাজির। প্রতিপক্ষ রওশন আরা জামিল, প্রধান মনোবিজ্ঞানী ও পরিচালক (নন ক্যাডার ও অন্যান্য) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা হাজির। প্রতিপক্ষ তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে এবং আজকেও তথ্য সাথে নিয়ে এসেছেন।

### পর্যালোচনা।

প্রতিপক্ষ এর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন এবং তথ্য সাথে নিয়ে এসেছেন। যেহেতু, অভিযোগকারী শুনানীতে গরহাজির এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাকে তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পৃ: দ্র:)

## সিদ্ধান্ত।

যেহেতু, অভিযোগকারী অদ্য ঞনানীতে গরহাজির এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাকে তথ্য সরবরাহ করেছেন, সেহেতু, অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার